**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
* * * * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]
HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 22 JUNE 2025 , SUNDAY । ২২ জুন ২০২৫ , রবিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-310 PAGE । পৃষ্ঠা-4

## বিশ্ব যোগদিবসে শান্তির বার্তা নরেন্দ্র মোদীর



এই যুগ , অন্ধ্রপ্রদেশ ,২১ জুন : আজ ২১ জুন, বিশ্বজুড়ে পালিত হল বিশ্ব যোগ দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনম থেকে যোগ উদযাপনে নেতৃত্ব দেন স্বয়ং। সেখানে লক্ষাধিক মানুষ তাঁর সাথে যোগ দিবসে অংশ নেন। বিশাখাপত্তনমের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী তাঁর ভাষণে যোগের গুরুত্ব তুলে ধরে বলেন , 'যোগ সবার জন্য , এর কোনও সীমারেখা , পটভূমি , বয়স বা ক্ষমতা নেই। তিনি আরও বলেন যে আজকের বিশ্বে যেখানে অস্থিরতা ও সংঘাত বৃদ্ধি পাচ্ছে , সেখানে যোগ শান্তির দিশা দেখায়। তাঁর কথায়, যোগ হল সেই পজ বাটন যা মানবতার শ্বাস নিতে , ভারসাম্য খুঁজে পেতে এবং পুনরায় সম্পূর্ণ হতে প্রয়োজন। প্রধানমন্ত্রী 'মানবতা ২.০'-এর সূচনা করার আহ্বান জানান , যেখানে অভ্যন্তরীণ শান্তি একটি বৈশ্বিক নীতিতে পরিণত হবে। তিনি জোর দেন যে যোগ শুধুমাত্র শরীরচর্চা নয় , বরং একটি জীবনধারা , যা আমাদের আমি থেকে আমরা-র দিকে নিয়ে যায়। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে বিশাখাপত্তনমে ২৬ কিলোমিটার দীর্ঘ পথে বিশাল যোগাভ্যাসের আয়োজন করা হয়েছিল। এদিন রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু এবং কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব উপস্থিত ছিলেন। এছাড়া , দেশজুড়ে ১ লক্ষেরও বেশি স্থানে 'যোগ সঙ্গম' উদ্যোগের অধীনে সমলয়ে যোগ সেশন অনুষ্ঠিত হয়েছে। সেখানে ২ কোটিরও বেশি মানুষের অংশগ্রহণ করেছেন বলে জানা গেছে।দেশের বিভিন্ন প্রান্তে , যেমন দিল্লি, উত্তরপ্রদেশ, জম্মু ও কাশ্মীর, এবং বাংলায়ও আন্তর্জাতিক যোগ দিবস উদযাপিত হয়েছে।

## এয়ার ইন্ডিয়ার তিন আধিকারিককে গাফিলতির অভিযোগে অপসারণের নির্দেশ ডিজিসিএ-র



এই যুগ ,দিল্লি ,২১ জুন : গুজরাটের আহমেদাবাদের মর্মান্তিক বিমান দুর্ঘটনার পরবর্তীতে ডিজিসিএ এয়ার ইন্ডিয়ার তিনজন গুরুত্বপূর্ণ আধিকারিককে ক্রু শিডিউলিংয়ের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার জন্য কঠোর নির্দেশ দিয়েছে। আধিকারিকেরা হলেন চূড়া সিং (ডিভিশনাল ভাইস প্রেসিডেন্ট), পিঙ্কি মিত্তল (চিফ ম্যানেজার - ডিওপিএস , ক্রু শিডিউলিং), এবং পায়েল অরোরা (ক্রু শিডিউলিং - প্ল্যানিং)।ডিজিসিএ-এর নির্দেশ অনুযায়ী , এই আধিকারিকেরা একাধিক গাফিলতির সঙ্গে জড়িত ছিলেন বলে অভিযোগ। যার মধ্যে রয়েছে অনুমোদন বিহীন এবং নিয়ম-বহির্ভূত ক্রু পেয়ারিং , লাইসেন্সিং এবং ক্রু বিশ্রাম সংক্রান্ত নিয়ম লঙ্ঘন সহ তত্ত্বাবধানে পদ্ধতিগত ব্যর্থতা।এই নির্দেশ এসেছে আহমেদাবাদ থেকে লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার একটি বিমান উড়ানের পরই দুর্ঘটনার পর। মর্মান্তিক দুর্ঘটনায় তিনশোর কাছাকাছি মানুষের প্রাণ গিয়েছে।ডিজিসিএ এয়ার ইন্ডিয়াকে অবিলম্বে এই আধিকারিকদের তাঁদের বর্তমান পদ ও কাজ থেকে সরিয়ে দেবার নির্দেশ দিয়েছে। এছাড়াও এয়ার ইন্ডিয়াকে তাঁদের বিরুদ্ধে অভ্যন্তরীণ পদক্ষেপ নেওয়ার এবং দশ দিনের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে ডিজিসিএ-র তরফ থেকে।

## বিশ্ব যোগা দিবস পালনে বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ





এই যুগ , কলকাতা ,২১ জুন : আজ ২১ শে জুন বিশ্ব যোগ দিবস । গোটা বিশ্বের বিভিন্ন দেশের পাশাপাশি ভারতের বিভিন্ন রাজ্যের বিভিন্ন জায়গায় পালন হল বিশ্ব যোগ দিবস। বিভিন্ন স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন প্রতিষ্ঠানে পাল হয় এই দিন টি । পিছিয়ে নেই রাজনৈতিক ব্যক্তিত্ব রাও। এদিন কলকাতার আলিপুরের ন্যাশনাল লাইব্রেরী তে বিশ্ব যোগ দিবস পালন করলেন ভারতীয় জনতা যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ । সাথে যুব মোর্চার নেতৃত্বরা ।

## জেলার কথা

# পুলিশের অভিযানে ভেস্তে গেলো বন্য প্রাণী পাচারের ছক ,গ্রেপ্তার ছয় , উদ্ধার চারটি সোনালী ল্যাংগুর




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ ,২১ জুন : মুর্শিদাবাদ জেলা পুলিশের বেলডাঙ্গা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার দুপুরে এক অভিযান চালিয়ে ভেস্তে দেয় বন্য প্রাণী পাচারের ছক। অভিযানে উদ্ধার হয় ছয়টি সোনালী ল্যাংগুর , গ্রেপ্তার করা হয় ছয় পাচারকারীকে। পুলিশ সূত্রে জানা গেছে পাচারকারীরা জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের ফাটাপুকুর থেকে ল্যাংগুর গুলি সংগ্রহ করেছিলো। তারা সেগুলি নদীয়াতে পাচারের ছক কষেছিলো। পুলিশ তদন্তের স্বার্থে ধৃতদের নাম ঠিকানা রেখেছে। সোনালী ল্যাংগুর গুলোর যথাযথ পরিচর্যা ও চিকিৎসার জন্য বন দপ্তরের বহরমপুর শাখাকে অবহিত করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাদের আদালতে পেশ করা হয়। পুলিশ খতিয়ে দেখছে এই পাচারচক্রে আরও কেউ জড়িত আছে কিনা। উল্লেখ্য সোনালী ল্যাংগুর হলো আদিম এক বানর প্রজাতি। ভারত ভুটান সীমান্তের পশ্চিমবঙ্গ ও আসামের কিছু অংশে এদের দেখা যায়। এটি বর্তমানে বিপন্ন প্রায় একটি প্রজাতি। এদের সংরক্ষনের বিশেষ প্রয়োজন।

## কাগজের নৌকা

**২২ জুন ২০২৫ , রবিবার**

### সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# নির্মীয়মান বিল্ডিং এর চার তলা থেকে পড়ে মৃত্যু নির্মান শ্রমিকের , শোকের ছায়া এলাকায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২১ জুন : শিলিগুড়ি লাগোয়া ফুলবাড়ি পশ্চিম ধনতলা এলাকার একটি নির্মীয়মান বিল্ডিং এর চারতলা থেকে পড়ে মৃত্যু হলো এক নির্মান শ্রমিকের। জানা গেছে মৃত শ্রমিকের নাম ইওসুফ আলি , সে রাজগঞ্জ ব্লকের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের জুম্মাগছ গ্রামের বাসিন্দা। দীর্ঘদিন ধরেই সে নির্মান শ্রমিকের কাজ করতো। শুক্রবার সকালে সে তার ছেলেকে নিয়ে কাজে যায়। জানা গেছে শুক্রবার বিকাল পাঁচটা নাগাদ সে নির্মীয়মান বিল্ডিং এর চার তলা থেকে পা পিছলে নীচে পড়ে যায়। তার সহকর্মীরা দ্রুত ইউসুফকে ফুলবাড়ির একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যায়। সেখানে রাত দশটা নাগাদ মৃত্যু হয় ইউসুফের। ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

# উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির ধুপগুড়ি ট্রাফিক পুলিশের উদ্যোগে




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২১ জুন : জলপাইগুড়ি জেলা পুলিশের ধুপগুড়ি ট্রাফিক পুলিশের উদ্যোগে শনিবার ধুপগুড়ি স্টেশন মোড়ে আয়োজিত হয় উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির। শিবিরে উপস্থিত ছিলেন ধুপগুড়ির বিধায়ক নির্মল চন্দ্র রায় , জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) সামির আহমেদ ,ডি এস পি ট্রাফিক অরিন্দম পাল চৌধুরী , ধুপগুড়ি মহকুমা পুলিশ আধিকারিক গ্যালসেন লেপচা ,ধুপগুড়ি পৌরসভার ভাইস চেয়ারম্যান , আই সি ধুপগুড়ি থানা সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন ও পুলিশ কর্মীগন এবং এলাকার বিশিষ্টজনেরা। জানা গেছে পুলিশ কর্মী , সিভিক ভলান্টিয়ার সহ স্থানীয় বহু মানুষ স্বেচ্ছায় রক্তদান করেন। এদিনের শিবিরে মোট একশো ছাব্বিশ ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK


For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com




# প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর পুরনো বাড়িতে আগুন , চাঞ্চল্য এলাকায়



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ জুন : প্রাক্তন বিজেপি সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী তথা বর্তমানে তৃণমূল নেতা জন বার্লার লক্ষীপাড়া চা বাগানে অবস্থিত পুরনো বাড়িতে শনিবার দুপুরে হঠাৎ আগুন লাগে। বাড়িটি কাঠের তৈরি , বর্তমানে এই বাড়িতে থাকেন জন বারলার ভাই বিট্টু বারলা। স্থানীয় সূত্রে জানা গেছে এদিন দুপুরে হঠাৎ বিকট শব্দ হয় ও তার পরেই বাড়ির সামনের কাঠের অংশে আগুন লেগে যায়। স্থানীয়রা বালি ও জল এর সাহায্যে আগুন নিয়ন্ত্রনে আনলেও বাড়ির অনেকখানি অংশ পুড়ে যায়। বিট্টু বারলা জানান অনেক কিছু পুড়ে গিয়েছে। স্থানীয় যুবক বিজু জানান প্রথমে বাড়ির বিদ্যুৎ সংযোগ এর তারে শর্ট সার্কিট হয় ও পরে আগুন লাগে। স্থানীয় প্রশাসন সূত্রে জানানো হয় আগুন লাগার সঠিক কারন সম্পর্কে নিশ্চিত ভাবে কিছু বলা সম্ভব নয় , তদন্ত শুরু হয়েছে , তদন্ত শেষ হলেই আগুনের কারন জানা যাবে। এই ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।